

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৯.১১.০০২.২২.৪১৯

তারিখ: ১১ কার্তিক ১৪২৯

২৭ অক্টোবর ২০২২

বিষয়: পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা কার্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ০২(দুই) টি শূন্য পদে ছাড়পত্র প্রদান প্রসংগে।

সূত্র: (১) বিভাগীয় কমিশনার, খুলনা কার্যালয়ের স্মারক নং-৭৩৩, তারিখ: ১১ সেপ্টেম্বর, ২০২২ খ্রি:

(২) স্থানীয় সরকার বিভাগের পত্র সংখ্যা-৪৬.০৯৯.০২৮.০১.০১.০২.০০১.২০০৮-৩২৩, তারিখ: ২২ আগস্ট, ২০২২ খ্রি:।

(৩) স্থানীয় সরকার বিভাগের পত্র সংখ্যা-৪৬.০৯৯.০২৮.০১.০১.০২.০০১.২০০৮-৩২৪, তারিখ: ২২ আগস্ট, ২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২ ও ৩নং সূত্রস্থ স্মারকে নিম্নোক্ত তথ্যাদি চাওয়া হয়:

(ক) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা কার্যালয়ের সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এর ০২ (দুই)টি পদ ০১.০৬.২০১৭ হতে সংরক্ষণ না করার কারণ এবং উক্ত পদের মেয়াদ সংরক্ষণের চেকলিষ্টে সচিব মহোদয়ের নাম ও পদবী উল্লেখপূর্বক প্রস্তাবটি পুনরায় প্রেরণের জন্য বিভাগীয় কমিশনার, খুলনাকে অনুরোধ করা হয়; এবং

(খ) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকের ০২টি শূন্য পদে ছাড়পত্র প্রদানের লক্ষ্যে শূন্যপদ পূরণের নির্ধারিত ছক পূরণপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য বিভাগীয় কমিশনার, খুলনাকে অনুরোধ করা হয়।

০২। সূত্রস্থ ১নং স্মারকে শুধুমাত্র ৩নং সূত্রস্থ স্মারকে চাহিত তথ্যাদি প্রেরণপূর্বক পরিচালক, খুলনা কার্যালয়ে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকের ০২টি শূন্য পদে ছাড়পত্র প্রদানের জন্য বিবেচ্যপত্রে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু পরিচালক, স্থানীয় সরকার, খুলনা কার্যালয়ের সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এর ০২ (দুই)টি পদ ০১.০৬.২০১৭ হতে সংরক্ষণ না করার কারণ এবং উক্ত পদের মেয়াদ সংরক্ষণের চেকলিষ্টে সচিব মহোদয়ের নাম ও পদবী উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ করা হয়নি।

০৩। এমতাবস্থায়, ২নং সূত্রস্থ স্মারকে চাহিত পরিচালক, স্থানীয় সরকার, খুলনা কার্যালয়ের সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) এর ০২ (দুই)টি পদ ০১.০৬.২০১৭ হতে সংরক্ষণ না করার কারণ এবং উক্ত পদের মেয়াদ সংরক্ষণের চেকলিষ্টে সচিব, স্থানীয় সরকার বিভাগের নাম ও পদবী উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৭-১০-২০২২

মোহাম্মদ সাঈদ উর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৪৬১১

ইমেইল: mon1@lgd.gov.bd

বিভাগীয় কমিশনার

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৯.১১.০০২.২২.৪১৯/১(৪)

তারিখ: ১১ কার্তিক ১৪২৯

২৭ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) অফিস কপি।



২৭-১০-২০২২

মোহাম্মদ সাঈদ উর রহমান
উপসচিব